

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণাসমূহের তালিকা এবং তথ্যঃ

১। উদ্ভাবনী ধারণাসমূহ

শিরোনাম	অর্থবছর	বাস্তবায়িত উদ্ভাবনী ধারণাসমূহের বিবরণ	মন্তব্য
অল্পযুক্ত মাটির ব্যবস্থাপনা (চুন সুপারিশ অ্যাপ)	২০১৮-২০১৯	মাটির অল্পত্ব ব্যবস্থাপনার নিমিত্তে একটি মোবাইল আপস তৈরি করা হয় যা কম্পিউটার এবং স্মার্ট ফোনে ব্যবহার করা যায়। সংশ্লিষ্ট এলাকার ভূমিশ্রেণি ও বুনট ভিত্তিক মৃত্তিকার অল্পমানের ডাটাবেজ তৈরি করে সফটওয়্যারে সন্নিবেশ করা হয়। অ্যাপসটি ব্যবহার করে সংশ্লিষ্ট এলাকার ডাটাবেজের তথ্য থেকে মাটির অল্পত্বের মাত্রা ইনপুট দেয়ার মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে চুন প্রয়োগের মাত্রা জানা যায়। যাদের স্মার্ট ফোন নেই তারা ইউডিসি এর সহায়তায় সেবা গ্রহন করতে পারে।	সম্মানীত কৃষকবৃন্দ এবং কৃষির সাথে সম্পর্কিত বিজ্ঞানীগন,কৃষি অফিসারগণ এটি ব্যবহার করে থাকেন,এটি মধুপুর উপজেলার অরণখোলা ইউনিয়নে পাইলটিং করার পর হতে অঞ্চলভিত্তিক প্রশিক্ষণের বাজেট বরাদ্দ না থাকায় এবং অ্যাপসটির আরো আপেডট না হওয়ায় ব্যবহার কারীগণের নিকট গ্রহণযোগ্যতা কমে যাচ্ছে। পাইলটিং অঞ্চলের সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর সংখ্যা- ৬৫০০০. বিঃ দ্রঃ অ্যাপসটি গুগল প্লে স্টোর হতে ডাউনলোড করে খুব সহজেই ব্যবহার করা যায়।
কৃষকের মাটি-সুফলা বাংলাদেশ	২০১৯-২০২০	নির্দিষ্ট ইউনিয়নের কৃষক/UDC/SAAO দের মাটির নমুনা সংগ্রহ পদ্ধতি, মাটির স্বাস্থ্য সুরক্ষা, সুখম সার ব্যবহার ও ভেজাল সার সনাক্তকরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে এবং প্রশিক্ষণ বা তথ্য প্রাপ্ত কৃষকগণ নিজে অথবয়া প্রশিক্ষণপ্রাপ্ত কৃষক/ UDC/SAAO দের সহায়তায় মাটির নমুনা সংগ্রহ করে SAAO/UDC উদ্যোক্তাদের নিকট জমা দিবেন। নির্দিষ্ট দিনে SRDI এর প্রতিনিধি কর্তৃক উক্ত নমুনা সংগ্রহ করা হবে। পরবর্তীতে নমুনাগুলো বিশ্লেষণ করে সার সুপারিশ কার্ড প্রণয়ন করা হবে। জেলা কার্যালয় কর্তৃক সার সুপারিশ কার্ডের স্ক্যান কপিগুলো UDC উদ্যোক্তাকে E-mail এর মাধ্যমে প্রেরণ করা হবে এবং এই তথ্য কৃষককে মোবাইল/টেলিফোন/SMS এর মাধ্যমে জানানো হবে। সংশ্লিষ্ট কৃষক UDC উদ্যোক্তাদের নিকট থেকে প্রিন্ট খরচ দিয়ে উক্ত সার সুপারিশ কার্ড সংগ্রহ করবে। সার সুপারিশ কার্ডে একটি নির্দিষ্ট ও পৃথক সনাক্তকরণ কোড নাম্বার দেয়া হবে যাতে পরবর্তীতে যেকোন ফসলের জন্য সেবা গ্রহীতা এসএমএসের মাধ্যমেও সেবাটি পেতে পারেন।	স্বল্প পরিসরে চলমান রয়েছে।
DRS (Digital Result Sheet)	২০১৯-২০২০	সমন্বিত সফটওয়্যার তৈরির মাধ্যমে গবেষণাগারে নমুনার বিশ্লেষিত ফলাফল সফটওয়্যারে এন্ট্রি। পুষ্টিমান অনুযায়ী পুষ্টিমাত্রা নির্ধারন করা। ফলে দ্রুততম সময়ে রেজাল্ট সীট তৈরি ও ফলাফল প্রেরণ নিশ্চিত হবে। যা পরবর্তীতে OFRS এর তথ্য হালনাগাদকরণে সহায়তা প্রদান করবে।	সফটওয়্যার প্রস্তুত পরবর্তী আপগ্রেডেশনের কাজ চলমান রয়েছে।

ডাবল এস-ডাবল এম (2S-2M) সেন্টার Suitable Soil Management & Modeling Centre	২০২০-২০২১	(2S-2M) সেন্টার এর মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার জন্য উপযোগী মৃত্তিকা বা মৃত্তিকাকে ব্যবস্থাপনার মাধ্যমে উপযোগী করে প্যাকেটজাত করা, ছাদ/বারান্দা কৃষির মডেল দেওয়া সহ বাগান পরিচর্যা সংশ্লিষ্ট সহায়তা প্রদান।	পাইলটকৃত অঞ্চলে স্বল্প পরিসরে চলমান রয়েছে।
সারের বিশুদ্ধতা নির্ণয় (শুদ্ধ সার)	২০২০-২০২১	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের বিজ্ঞানীগণ তাদের দীর্ঘ দিনের সারের নুমনা পরীক্ষার অভিজ্ঞতা, পর্যবেক্ষণ ও গবেষণালব্ধ ফলাফল বিশ্লেষণ করে মাঠ পর্যায়ে ভেজাল সার সনাক্তকরণের যে সকল সহজ পদ্ধতি উদ্ভাবন করেছেন তা বহুল প্রচারের উদ্দেশ্যে 'শুদ্ধ সার' এ্যাপস্ টি তৈরি করা হয়েছে।	অ্যাপসটি গুগল প্লে স্টোর হতে ডাউনলোড করে খুব সহজেই ব্যবহার করা যায়।
সুফলা মাটি	২০২১-২০২২	-	অ্যাপসটি মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের ওয়েবসাইট হতে ডাউনলোড করে খুব সহজেই ব্যবহার করা যায়।